



বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স

বাড়ি ২০ (৪র্থ তলা), সড়ক ১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯
ফোন: +০৮৮-২-৪৮১১৮৮১৫, ৪৮১১৩৭৫৪, ৫৮১৫১৪০৯, ৫৮১৫১৩৯৪, ফ্যাক্স: +৮৮০-২-৫৮১৫২৮১০, E-mail : bils@citech.net

www.bilsbd.org

তারিখ: ২৩ জানুয়ারি ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

সংবাদপত্রভিত্তিক বিল্‌স জরিপ
২০২১ সালে হত্যা-নির্যাতনের শিকার হয়েছেন ৩৮ জন গৃহশ্রমিক

বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত সংবাদের ভিত্তিতে তৈরী বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স এর জরিপ অনুযায়ী, ২০২১ সালে ৩৮ জন গৃহকর্মী নানা ধরনের নির্যাতনের শিকার হয়েছেন। এর মধ্যে ১২ জন নিহত, ২৪ জন আহত এবং ২ জন আত্মহত্যা করেন বলে সংবাদপত্রে উল্লেখ করা হয়। নিহতদের মধ্যে ৪ জন হত্যাকাণ্ডের শিকার হয়েছেন এবং ৮ জনের রহস্যজনক মৃত্যু হয়েছে। আহতদের মধ্যে শারীরিক নির্যাতনের শিকার হয়েছেন ১৫ জন, ছুরিকাঘাতের শিকার ৫ জন, ধর্ষণের শিকার হয়েছেন ৩ জন, যৌন নিপীড়নের শিকার ১ জন এবং ধর্ষণ পরবর্তী আত্মহত্যা করেন ১ জন। এছাড়া কর্মক্ষেত্রের বাহিরে ৩ জন গৃহশ্রমিক নিহত হন।

উল্লেখ্য ২০২০ সালে হত্যা ও নির্যাতনের শিকার হয়েছিলেন ৪৪ জন গৃহশ্রমিক। যার মধ্যে ২০ জন নিহত, ২৩ জন আহত এবং ১ জন নিখোঁজ ছিলেন।

কর্মক্ষেত্র	ধরণ								মোট
	নির্যাতন	খুন	ধর্ষণ	যৌন নিপীড়ণ	রহস্যজনক মৃত্যু	আত্মহত্যা	ছুরিকাঘাত	ধর্ষণ পরবর্তী আত্মহত্যা	
গৃহকর্ম/গৃহশ্রমিক	১৫	৪	৩	১	৮	১	৫	১	৩৮

কর্মক্ষেত্র	ফলাফল			মোট
	নিহত	আহত	আত্মহত্যা	
গৃহকর্ম/গৃহশ্রমিক	১২	২৪	২	৩৮

ঢাকাসহ সারাদেশে যারা গৃহকর্মী হিসাবে কাজ করে তাদের ৯৫ ভাগেরও বেশি নারী। বিল্‌স এর জরিপে দেখা গেছে যারা হত্যা, নির্যাতন, ধর্ষণের শিকার হয়েছেন তাদের অধিকাংশের বয়স ১০ থেকে ৫০ বছরের মধ্যে।

বিল্‌স এর এই হিসাব দেশের সংবাদমাধ্যমে প্রকাশিত তথ্যের ভিত্তির উপর নির্ভর করে করা কিন্তু বাস্তব পরিস্থিতি আরো ভয়াবহ। কারন অনেক নির্যাতনের ঘটনায় অর্থ ও চাপের মুখে সমঝোতা করা হয়। গৃহকর্মী বা তাদের পরিবারের সদস্য অর্থনৈতিকভাবে দুর্বল হওয়ার কারনে মামলা মকদ্দমায় যেতে চান না বা যেতে সাহন পান না। অনেক সময় প্রভাবশীলরা নির্যাতনের ঘটনা ধামাচাপা দিয়ে ফেলেন।

বিলস্ সুনীতি প্রকল্প এবং গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কের উদ্যোগে এই সমস্ত ঘটনায় দোষীদের আইনের আওতায় এনে উপযুক্ত শাস্তি প্রদান ও ক্ষতিগ্রস্তদের উপযুক্ত ক্ষতিপূরণের দাবী জানানো হয়েছে। এ ছাড়া মনিটরিং সেলের মাধ্যমে ঘটনার সর্বশেষ অবস্থা পর্যবেক্ষণ ও ব্যবস্থা গ্রহণে সহায়তা, ক্ষতিগ্রস্তদের সাথে ট্রেড ইউনিয়নের মাধ্যমে যোগাযোগ এবং সার্বিক সহায়তা দেয়ার প্রক্রিয়া চলমান রয়েছে।

গৃহশ্রমিক নির্যাতন প্রতিরোধে বিলস্ গৃহশ্রমিক কল্যাণ ও সুরক্ষা নীতিমালা ২০১৫ বাস্তবায়নে সরকারের প্রতি আহ্বান, গৃহকর্মী নির্যাতনের ঘটনায় সুষ্ঠু তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণের পাশাপাশি দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান এবং গৃহশ্রমিকদের সুরক্ষায় আইন প্রণয়ন এবং সচেতনতা বৃদ্ধিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান করছে।

ধন্যবাদান্তে-

মামুন অর রশিদ

তথ্য কর্মকর্তা, বিলস্

মোবাইল: ০১৯১৪৮৯১২২৩